# ভিন্নতাকে মেনে নেয়াঃ

## একীভূত, শিখন-বান্ধব পরিবেশ তৈরীর কৌশল সমূহ (টুলকিট)



Inclusive
Learning-Friendly
Environments

UNESCO
DHAKA OFFICE

# ভিন্নতাকে মেনে নেয়াঃ

## একীভূত, শিখন-বান্ধব পরিবেশ তৈরীর কৌশল সমূহ (টুলকিট)

# Foreword

The education of children with diverse backgrounds and abilities remains a major challenge in the Asia-Pacific region. In April 2000, the World Education Forum held in Dakar, Senegal, set as its second goal: "ensuring that by 2015 all children, particularly girls, children in difficult circumstances and those belonging to ethnic minorities, have access to and complete free and compulsory primary education of good quality." Realizing this goal means increasing school attendance and completion rates; eliminating bias within schools, national education systems, and curricula; and eliminating the social and cultural discrimination that limits the demand for schooling for children with diverse backgrounds and abilities.

Inequality in education remains a matter of concern for all countries, yet discrimination continues to permeate schools and educational systems. To bridge this gap, it is critical to sensitize teachers and education administrators about the importance of inclusive education. It is equally critical to give them practical tools to analyze their situation and ensure that all children are in school and learning to their fullest capacity, as well as ensuring equity in the classroom, in learning materials, in teaching and learning processes, in school policies, and in monitoring learning outcomes.

This Toolkit accepts this challenge and offers a holistic, practical perspective on how schools and classrooms can become more inclusive and learning-friendly It builds on experience gained over many years and on the strategies and tools developed by many organizations and individuals working on inclusive education and, more recently, in the area of establishing Child-Friendly Schools. This Toolkit is meant to be user-friendly and a means of inspiration f or teachers who f ind themselves working in ever more diverse classrooms. I hope you will find the Booklets in this Toolkit useful in gaining support for inclusive, learning-friendly environments and in creating and managing them through the full participation of educators, students, parents, and community members.

**Sheldon Shaeffer**
Director, UNESCO Asia and Pacific Regional Bureau for Education

# কৃতজ্ঞতা স্বীকার

এই টুলকিটটি তৈরীতে এশিয়া ও এর বাইরের বিভিন্ন অঞ্চলের শিক্ষা বিশেষজ্ঞ, শিক্ষক, বিভিন্ন সংস্থার অভিজ্ঞ ব্যক্তিবৃন্দ অংশ নিয়েছেন। তাদের নাম নিচে দেয়া হল। তাদের অবদানের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাই।

এছাড়াও, দি লাইফ স্কিল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, ফিলিপাইন ও পাকিস্তানের ইউনিসেফ অফিস, যৌথভাবে এই টুলকিটে শিক্ষকদের মতামত নেয়ার জন্য আঞ্চলিক কর্মশালার আয়োজন করেছিল যা ছিল খুবই কার্যকর। সেসঙ্গে বিভিন্ন উৎস থেকে এ সংক্রান্ত নানা ধারণা ও তথ্য সংগ্রহ করা হয়েছে, এদের মধ্যে প্রধান উৎস সমূহ হচ্ছে-

Child-to–Child: A Resource Book. Part 2: the Child-to-Child Activity Sheets, By Baily D, Hawes and Bonati B(1994) and published by The Child-to-Child Trust, London.

FRESH: A Comprehensive School Health Approach to Achieve EFA. UNESCO (2002) Paris.

Local Action: Creating Health Promoting Schools. World Health Organization (2000) Geneva. Also valuable resources were the documents in the WHO Information Series on School Health dealing with violence prevention, healthy nutrition, and preventing discrimination due to HIV/AIDS.

Renovating the Teaching of Health in multigrade Primary Schools: A Teacher's Guide to Health in Natural and Social Sciences (Grades 1,2,3) and Science (Grade 5), by Son V,Pridmore P, Nga B, My D and Kick P (2002) and published by the British Council and the National Institute of Educational Sciences, Hanoi, Vietnam.

Understanding and Responding to Children's Needs in Inclusive Classrooms. UNESCO (2001) Paris.

UNICEF's Websites on Life Skills as well as "Teachers Talking About Learning," New York. Accessible through http:// www.unicef.org

আমরা এসমস্ত তথ্য উৎস কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করছি। ইউনেস্কোর নিয়মিত আর্থিক সাহায্য ছাড়াও এ টুলকিট উন্নয়নে জাপানী ফান্ড ইন ট্রাষ্ট ও স্ক্যানডিনিভিয়ান ফান্ড সহায়তা করেছে। তাদেরকে ধন্যবাদ।

পরিশেষে বিশেষ প্রশংসা ও কৃতজ্ঞতা রে হ্যারিস ও ড: শার্লি মিষ্ক ও জর্জ এটিগ- কে যারা মূলত এই ছয়টি বুকলেট প্রণয়নে মূল দায়িত্ব পালন করেছেন। এদের মধ্যে জর্জ এটিগ কাজের শুরু থেকে শেষ পর্যন্ত সম্পৃক্ত ছিলেন। তাকে বিশেষ ধন্যবাদ। সে সঙ্গে ইউনেস্কো, ব্যাংককের প্রোগ্রাম স্পেশালিস্ট ভিবেক জেনসেন-কে পুরো প্রকল্পের সমন্বয় কাজের জন্য ধন্যবাদ না দিলেই নয়। এই টুলকিট প্রণয়নে যারা সহায়তা করেছেন তাদের সবার নাম নিচে দেয়া হল। অনবধানতাবশত: যাদের নাম বাদ পড়ে গেল তাদের কাছে আমরা ক্ষমাপ্রার্থী।

## টুলকিট প্রণয়নে যারা ছিলেন-

### প্রতিনিধিত্বকারী দেশ

বাংলাদেশ
ক্যাম্বোডিয়া
চায়না
ফ্রান্স
ভারত
ইন্দোনেশিয়া
লাওস
পাকিস্তান
ফিলিপিনস
থাইল্যান্ড
ইউ এস. এ
ইউ.কে
ভিয়েতনাম

## টুলকিট উন্নয়নে-

লায়েটিটিয়া আন্তোনউইকজ
জর্জ এ. এটিগ
টুটিয় বুয়াবুট্রা
তমো চট্যোপাধ্যায়
রে হ্যারিস
ভিবেক জেনসেন
ইনতিরানি কাহনথোনগ
শার্লি মিঙ্ক
হিলদেগান ওলসেন
এন রিডলে
শেলডন শেইফার

## টুলকিট পর্যালোচনায়

টেরেসা এ্যবিরা
কোয়েন ভ্যান একোলিন
ভন্দা আগা
খালিদা আহমেদ
মোহাম্মদ তারিক আহসান
অনুপম আহুজা
সাফিয়া আলি
সাবানা আন্দালিব
আরশি
রুকসান্দা আসাদ
মাহমুদা বালোচ
সুলতানা বালোচ
সাদিকা বানু
শামিম বানু
এ্যান বার্নাড
সাংচান চাইওং
রেনু চামনানারং
আর্পোন চানপ্রার্সাটিপর্ন
তামো চট্যোপাধ্যায়
ফ্রানসিস কসটিক
চার্লস কুরিন
জোয়ান দ্যজায়ঘের
বেনেদিকতা ডেলগাদো
ফ্লোরেনসিয়া রামোস
ফ্লোরা বড়োমিও
নাইম সোহেল বাট
ইয়াসমিন খুদা বক্স
গিলদ । কাবরন
ক্রিংরাই চাইমুয়াংদি
নিকম চাইওং
রোজমেরি ডেনিস
সুপে দনপ্লেগ
কেনিথ একলিনথ
সিয়াপর্ন ফাফচামস
ফারহাত ফারুকি
কারতিনি
লাইকা কাসালা
চাউইওয়ান খাইকাউই
উজমা খালিদ
এম. খলিল
বিলাল খান
সেস্তা নাসিম খান
প্রালং ক্রতনোই
সুসানা জুলুয়েতা
রান কুয়েনপেত
চিজ কুমার
নংনুচ মানেথং
রোজালি মাসেলাং
রাংহিল্ড মেইসর্জোড
ক্লিফ মেয়ার্স

সাইদা রশিদ
এ্যান রিদলে
ক্লারিনা রিগোদন
তেরেসিতা সতো
আইদা ফ্রানসিসকো
হি গুয়াংফেং
এলস হেইজনেন
বুদি হারমাওয়ান
ইভানজেলিন হিলারিও
মাসুমা হুসেন
এইচ.মোচ.সোলেহ ওয়াই. এ.ইচরোম
গোবগেউয়া ইংকায়ি
সোফান ইনথিরাত
থানডান না চিয়াঙমাই
বেনজালুগ নামফা
সম্পল নোনতাজান
মারিয়া ফে নোগরা-আবোগ
থোঙপেন ওতজারিয়ানচাই
সিথাথ ওথাইথানি
এলিজাবেথ ওইট
উইত্তিয়া পা ইন
মারিভিক পাংগানিবান
ওয়ানতানে পানায়াকোসা
মানস পাসিতভিলাইতাম
সালেম পায়ারাচ
লিন্ডা পেনেলস
নংক্রান পিহচাই
মেরি পিগোজি
নর্কাম সোফানোভং
পাসি সো
মিলাগ্রোস সাকগাং
পেনস্রি সুপাভাসিত
ফরিদা তাজমুল
পেনি প্রাইস

সিনথিয়া মিসালুচা
নোরা এন কুয়েতুলিও
সাবিহা রহিম
হেনা ইকবাল
সেস্তা জাবিন
সালমা এম. জাফর
ভেনাস জিনাপর্ন
নাজমা কামাল
ওয়েনডি রিমার
মরিস রবসন
পর্নতিপ রুংগ্রজ
রুবিনা
সোবিয়া সাকলাইন
নাহিদ সাজ্জাদ
এসতেলিতা সামসন
লর্ডেস সানতেকো
রুচনি সামবোত
কুনেয়া পুনডেং
তাহিরা কাজালবাস্ক
শ্রিথুন তাথুন
ফিলিপা থমাস
আনচালে থংসুক
ইয়ুন থি থান থুই
জোসেলিন তুগুনাইও
আরলিন্ডা ভালডেজ
জেনাইদা ভাসকুয়েজ
সাংওয়ান ওয়াংচাম
তারজে এম. ওয়াতারদাল
মার্ক ওয়েজ
মানতারিগা উইতনচাট
সমকিড ওংসুনতর্ম
নুতাপং ইয়সউংজাই
শাহজাদ ইউসুফ



## এক নজরে এ টুলকিট:

একটি একীভূত শিখন-বান্ধব পরিবেশ (Inclusive Learning Friendly Environments (ILFE) বা **আই. এল. এফ. ই**- সব শিশুকেই তাদের লিঙ্গ, শারিরীক সামর্থ্য, বুদ্ধিবৃত্তিক, সামাজিক, আবেগিয়,ভাষাগত ও অন্যান্য বৈশিষ্ট্য যাই হোকনা কেন, আন্তরিক ভাবে গ্রহণ, প্রতিপালন এবং শিক্ষিত করে তোলে, হতে পারে তারা প্রতিবন্ধী বা স্বাভাবিক শিশু, পথ বা কর্মজীবি শিশু, দূরবর্তী বা যাযাবর শিশু, ভাষাগত, আদিবাসী ও সাংস্কৃতিক দিক থেকে সংখ্যালঘু, এইচআইভি/এইডস আক্রান্ত শিশু, অথবা অন্যান্য সুবিধাবঞ্চিত বা কম গুরুত্বপূর্ণ এলাকা বা সম্প্রদায়ের শিশু।

## এই টুলকিটটি কে ব্যবহার করতে পারেন?

এই টুলকিটটি বিশেষ করে লেখা হয়েছে আপনার জন্য! **আপনি** হয়তো একটি প্রাক-প্রাথমিক, প্রাথমিক অথবা মাধ্যমিক স্তরের শিক্ষক; একটি স্কুলের প্রশাসক, শিক্ষক-প্রশিক্ষণ প্রতিষ্ঠানের শিক্ষার্থী অথবা এরকম কোন প্রতিষ্ঠানের নির্দেশকও হতে পারেন যিনি ভিন্ন ক্ষমতা সম্পন্ন ও প্রেক্ষাপট থেকে আগত শিশুদের, যারা সাধারণত স্কুলে যায়না, তাদেরকে স্কুলে এবং শিখন কাজে আরো বেশি মাত্রায় নিয়ে আসতে চাচ্ছেন। এই টুলকিটটি বিশেষ করে সে সকল শিক্ষকের জন্য উপকারী হবে যারা শিক্ষা মন্ত্রণালয়, কোন বেসরকারী সংস্থা (NGO) অথবা কোন প্রকল্পের সংস্কারমূলক উদ্যোগের অংশ হিসেবে স্কুলকে আরো শিশুকেন্দ্রিক, এবং শিখন-বান্ধব পরিবেশে রূপান্তর করতে চাচ্ছেন।

একটি গুরুত্বপূর্ণ বিষয় যা আমাদের সকলকে মানতে হবে তা হলো, ' সকল শিশুই ভিন্ন' এবং তাদের ক্ষমতা ও প্রেক্ষাপট যাই হোক না কেন সকলেরই শিক্ষা গ্রহণের সমান অধিকার রয়েছে। আমাদের অনেক স্কুল ও শিক্ষাব্যবস্থাই 'একীভূত শিক্ষায়' রূপান্তরিত হওয়ার প্রচেষ্টা চালাচ্ছে যেখানে ভিন্ন প্রেক্ষাপট ও ক্ষমতা সম্পন্ন শিশুরাও শিক্ষা গ্রহণের সমান সুযোগ পাবে ও তাদের স্কুলে আসাকে উৎসাহিত করা হবে। একদিকে স্কুলে যাবার ফলে ও অন্যান্য শিশুদের সাথে মিথষ্ক্রিয়ার কারনে তাদের শেখার সুযোগ যেমন বেড়ে যায়, তেমনি শিক্ষার সাথে সাথে পরিবার ও সামাজিক জীবনে অংশগ্রহণের উন্নতি সাধন হয়।

অপরদিকে, যেসব শিশুদের সাথে তাদের মিথষ্ক্রিয়া ঘটে সর্ম্পক গড়ে তোলে তারাও এতে উপকৃত হয়। তার সহপাঠী কে সেটা বিবেচ্য বিষয় না হয়ে, তারা একে অন্যের সামর্থ্যকে শ্রদ্ধা ও মূল্য দিতে শেখে, শেখে ধৈর্য্য ধারণ করতে, সহ্য করতে এবং অন্যের প্রতি সহমর্মী হতে। তারা উপলব্ধি করতে পারে যে প্রতিটি ব্যক্তিই "বিশেষ ধরনের" এবং ভিন্নতাকে সদ্ব্যবহার ও তা লালন করতে হয়। শিক্ষক হিসেবে আমাদের জন্য এরকম ভিন্নধর্মী শিক্ষার্থীদের অর্ন্তভুক্তি সহজ

কাজ নয়। আমাদের মধ্যে কারো কারো হয়তো অনেক ছাত্র ছাত্রী নিয়ে কাজ করতে হয় এবং আমরা একাজকে হয়তো ইতোমধ্যে অতিরিক্ত পরিশ্রম হিসেবে ভাবছি। উপরন্তু ভিন্ন প্রেক্ষাপট ও ক্ষমতা সম্পন্ন শিশুদের অর্ন্তভুক্তিকে মনে করছি আরো বাড়তি কাজ । কিন্তু এটা হওয়া উচিত নয়। আমাদের সকলের প্রয়োজন শিশুদের সবল ও দুর্বল দিক চিহ্নিত করে, সে অনুযায়ী পাঠ পরিকল্পনা করা, শিক্ষণের কৌশল ব্যবহার করে, প্রতিটি শিশুর ক্ষমতা ও প্রেক্ষাপটের সাথে সামঞ্জস্যপূর্ন শিক্ষাক্রম তৈরী করে আমাদের শিক্ষার্থী শিশুদের মধ্যকার পার্থক্যগুলোর সদ্ব্যবহার করা । সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, সকল শিশুর জন্য একটি ভাল মানের শিক্ষা প্রদানে সহযোগিতা করতে পারে এরকম সহকর্মী , অভিভাবক ও অন্যান্য পেশাজীবির মানুষকে একত্রিত করা।

এই টুলকিটটি একাজে সহায়তা করার জন্যই তৈরী করা হয়েছে। এর সহায়ক টুলস সমূহ আপনার স্কুল ও শ্রেণীকক্ষকে **সকল** শিশু ও শিক্ষকের জন্য আরো প্রাণবন্ত ও হৃদ্যতাপূর্ণ জায়গা হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে যা শুধু শিশু-বান্ধব হবে না, শিক্ষক-বান্ধব, অভিভাবক বান্ধব এবং সমাজ- বান্ধবও হবে বটে। এই টুলকিটটি কিছু সহায়ক উপকরণের সমষ্টি যা আপনি আপনার পরিস্থিতি বুঝে এবং অন্য কোথাও সফলতার সাথে ব্যবহৃত হয়েছে এমন কোন টুলের সাহায্যে অথবা এর থেকে ধারণা নিয়ে কাজ শুরু করতে পারেন অথবা এটি আপনাকে কোন পরিস্থিতিতে কি করতে হবে সে সম্পর্কে ধারণা দিতে পারবে।

এই টুলকিটের সব বুকলেটেই এমনভাবে ধারণাসমূহ উপস্থাপিত করা হয়েছে যা আপনি পরখ করে দেখতে পারেন। এছাড়াও এ বুকলেটসমূহ আপনাকে এই ধারণা গুলোর ওপর অভিব্যক্ত করা, অন্যান্যদের সাথে এ নিয়ে আলোচনা, সমাজের সকল শিক্ষার্থীদের নিয়ে একটি সুন্দর, গতিশীল এবং একীভুত শিখন- বান্ধব পরিবেশ তৈরীতে সহায়তা করবে।

যা হোক, এই টুলকিটটি র্নিদিষ্ট কোন পাঠ্য বই নয়, এবং আপনি নানা রকমের সমস্যার মুখোমুখি হতে পারেন যার সব সমাধানই এর মধ্যে নেই। তাই আপনাকে যথাসম্ভব সাহায্য করার জন্য প্রতিটি বুকলেটের শেষে অন্যান্য রির্সোসের তালিকাও অর্ন্তভুক্ত করা হয়েছে যা আপনার প্রয়োজন হতে পারে। মনে রাখবেন যে একীভূত শিখন-বান্ধব পরিবেশ তৈরী করা একটি প্রক্রিয়া মাত্র, যাত্রার শুরু। অনুসরণ করার মত কোন র্নিদিষ্ট উপায় বা পূর্ব র্নিধারিত "quick fix" সমাধান এতে নেই। এটি বিরাট পরিসরে নিজেকে আবিষ্কারের একটি প্রক্রিয়া। যা সময় সাপেক্ষ।

যেহেতু "একটি দীর্ঘ যাত্রার শুরু হয় এক ধাপে ধাপে" এই টুলকিটটিও আপনাকে এভাবে প্রথম পদক্ষেপ, দ্বিতীয় পদক্ষেপ, তৃতীয়, চর্তুথ এবং অন্যান্য পদক্ষেপগুলো নিতে সাহায্য করবে। আপনি এবং আপনার শিক্ষার্থীরা সবসময়ই নতুন জিনিস শিখতে থাকবেন যার কোন

শেষ নেই। তা সত্ত্বেও এ কাজে শিক্ষার্থী, শিক্ষক, প্রশাসক, বিশেষ শিক্ষিকা/ শিক্ষিক, অভিভাবক, এবং সমাজের সবার জন্য যেমন চ্যালেঞ্জ থাকবে তেমনি থাকবে পরিতৃপ্তিও।

## কিভাবে এই টুলকিটটি ব্যবহার করতে পারেন?

এই টুলকিটে ছয়টি বুকলেট আছে। যার প্রতিটিতে যে কৌশল এবং কাজসমূহ বর্ণিত রয়েছে তার মাধ্যমে আপনি নিজেই একটি একীভূত শিখন-বান্ধব পরিবেশ তৈরীর কাজ শুরু করতে পারেন। টুলকিটে বর্ণিত কাজ আপনি ও আপনার স্কুল এ পরিবেশ তৈরী করতে গিয়ে এখন কি করছে সে সম্পর্কে আপনার অভিব্যক্তি প্রকাশ করার অবকাশ রয়েছে, পাশাপাশি একজন শিক্ষক হিসেবে বিভিন্ন ক্ষমতা ও বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র ছাত্রীদের নিয়ে শ্রেণীকক্ষে কাজ করার আপনার দক্ষতা বৃদ্ধিতে সক্রিয়ভাবে সহায়তা করবে। আপনি হয়তোবা প্রথমে কাজগুলোকে আলাদাভাবে করতে পারেন যাতে শিখন-বান্ধব পরিবেশ কি, কিভাবে এটা আপনার শ্রেণীকক্ষে এবং স্কুলে তৈরী হতে পারে, এবং এর সুফল কি - সে বিষয়ে অবগত হন।

কারণ একটি শিখন-বান্ধব পরিবেশ তৈরীতে দলীয় উদ্যোগ প্রয়োজন, এবং এর জন্য বর্ণিত কৌশল ও কাজ যা আছে তা আপনি আপনার সহকর্মী এবং সুপারভাইজার, শিক্ষার্থী এবং শিক্ষার্থীদের পরিবার এবং সমাজের সকলকে নিয়ে করতে পারেন। এই কাজগুলো এমনই যা আপনার স্কুল এবং শ্রেণীকক্ষে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে ও বজায় রাখতে সাহায্য করবে, যাতে স্কুল এবং শ্রেণীকক্ষ একীভূত ও শিখন বান্ধবে রূপান্তরিত হয় এবং তা বজায় থাকে।

এই টুলকিটটির ছয়টি বুকলেট দু ভাবে ব্যবহৃত হতে পারে। ১। যেসব স্কুল ইতোমধ্যে একীভূত বা শিখন-বা শিশু বান্ধব হবার কাজে যুক্ত রয়েছে তাদের চাহিদা অনুযায়ী আপনি হয়তো নির্দিষ্ট কোন বুকলেটে বর্ণিত বিশেষ কোন কাজ বেছে নিতে পারেন, যেমন পরিবার বা সমাজের সাথে কাজ করা অথবা একটি ভিন্ন ক্ষমতা ও বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র ছাত্রীদের নিয়ে শ্রেণীকক্ষ পরিচালনা করা। ২। যেসব স্কুল কেবলমাত্র একীভুত এবং শিখন বান্ধবে পরিণত হবার পথে যাত্রা শুরু করেছে, তাদের ক্ষেত্রে আপনাকে হয়তো প্রতিটি বুকলেট দিয়েই কাজ করতে হবে অর্থাৎ বুকলেট ১ থেকে শুরু করে বুকলেট ৬ পর্যন্ত। এক্ষেত্রে এই টুলকিটটির সব বুকলেটই পর্যায়ক্রমে আপনাকে সাহায্য করতে পারবে যেহেতু এগুলো এভাবেই পরিকল্পিত হয়েছে।

এছাড়া যদিও "স্কুল" শব্দটি টুলকিটের সর্বত্রই ব্যবহৃত হয়েছে, এর অর্থ হলো যেকোন আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক শিখন পরিবেশ যেখানে প্রাক-স্কুল, প্রাথমিক, অথবা মাধ্যমিক স্তরের শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। তাই এই টুলকিটে "শিক্ষা" শব্দটি সাধারণভাবে শিক্ষার দু ধরনের

পরিবেশকে বোঝাতে ব্যবহৃত হয়েছে । অর্থাৎ এই পরিবেশ আনুষ্ঠানিক স্কুল হতে পারে, কিংবা গাছের নিচে অনুষ্ঠিত অনানুষ্ঠানিক ক্লাশও হতে পারে। ফলে, আপনি যদি পেশাজীবি শিক্ষক অথবা এমন কেউ হয়ে থাকেন যিনি বিভিন্ন প্রেক্ষাপট ও ক্ষমতাসম্পন্ন শিশুদের অনানুষ্ঠানিক পরিবেশে শেখাতে সাহায্য করছেন, আপনি এই টুলকিটটি ব্যবহার করতে পারেন, (যেমন পথ শিশুদের জন্য ক্লাশ)।

## আপনি কি শিখবেন?

এই টুলকিটটির মাধ্যমে আপনি একটি একীভূত, শিখন- বান্ধব পরিবেশ কি এবং কিভাবে আপনার স্কুল এবং শ্রেণীকক্ষ এরকম একটি পরিবেশ তৈরী করতে পারে, তা শিখতে পারবেন (বুকলেট ১)।

আপনি আরো শিখতে পারবেন কিভাবে পরিবার ও সমাজগুলো একটি একীভূত, শিখন-বান্ধব পরিবেশ তৈরী এবং তা এগিয়ে নেবার পুরো প্রক্রিয়ায় অংশ নিতে পারে এবং কিভাবে অভিভাবক ও সমাজের সদস্যদেরকে স্কুলে, এবং শিশুদেরকে সমাজে অর্ন্তভুক্ত করার ব্যপারে সম্পৃক্ত করা যেতে পারে (বুকলেট ২)।

আপনি শিখতে পারবেন কি কি বাধার কারণে যথাযথভাবে সব শিশুকে স্কুলে অর্ন্তভুক্ত করা হচ্ছে না, কিভাবে যেসব শিশু স্কুলে যায়না তাদের চিহ্নিত করা যায় এবং কিভাবে তাদেরকে স্কুলে নিয়ে আসার পথে বাধাগুলোকে মোকাবেলা করা যায় (বুকলেট ৩)।

আপনি শিখতে পারবেন কিভাবে একটি একীভূত শ্রেণীকক্ষ তৈরী করা যায়, এবং কেন শিশুদের সাফল্যের জন্য একীভূত, শিখন- বান্ধব হওয়া অত্যন্ত জরুরী, কিভাবে আপনার শ্রেণীকক্ষে ভিন্ন ক্ষমতা সম্পন্ন ও প্রেক্ষাপটের শিক্ষার্থীকে পরিচালনা করবেন এবং কিভাবে শিখনকে সকলের জন্য অর্থবহ করে তুলবেন (বুকলেট ৪)।

আপনি শিখবেন কিভাবে প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে শিক্ষণ ও শিখনের জন্য পরিকল্পনা করা যায় ও সেসঙ্গে কিভাবে একটি একীভূত শ্রেণীকক্ষ এবং দলীয় কাজ ও সহযোগিতামূলক শিখন পরিচালনা সম্ভব হয় এবং শিশুদের কিভাবে শিখন মূল্যায়ন করা যায় (বুকলেট ৫)।

পরিশেষে, আপনি সব শিশুর জন্য আপনার স্কুলকে স্বাস্থ্যকর ও সুরক্ষিত রাখার উপায়গুলো শিখবেন, বিশেষত: তাদের জন্য যারা ভিন্ন ক্ষমতা সম্পন্ন ও প্রেক্ষাপট থেকে আগত, যারা অসুস্থ, অপুষ্টিতে ভুগছে অথবা বঞ্চনার শিকার (বুকলেট ৬)।

## অন্যের কাছ থেকে শেখা:

বিশ্বের প্রায় সব জায়গার শিক্ষক ও এই বিষয়ে কর্মরত ব্যক্তিরা এই টুলকিটটি তৈরী করতে সাহায্য করেছেন। যারা চারটি আঞ্চলিক কর্মশালায় সরাসরিভাবে যুক্ত ছিলেন এবং সব শিশুদেরকে স্কুলে এবং শিখন প্রক্রিয়ায় নিয়ে আসার ক্ষেত্রে তারা তাদের ব্যবহৃত কৌশল ও ধারণাগুলো অন্যদের সাথে আদান প্রদান করেছেন। এ কাজে যুক্ত হয়েছেন সেই সব ব্যক্তি যারা তাদের জ্ঞান ও কৌশলসমূহ কোন মুদ্রিত প্রকাশনা বা ইন্টারনেটের মাধ্যমে প্রকাশ করেছেন। যারা এই টুলকিটটির প্রারম্ভিক খসড়া পর্যালোচনার ক্ষেত্রে সমালোচক হিসেবে কাজ করেছেন। এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হল, অনেক দেশ থেকেই স্কুল শিক্ষকদেরকে এ কাজে অর্ন্তভুক্ত করা হয়েছে যারা এই টুলকিটটির উন্নতি সাধনের জন্য পর্যালোচনা করেছেন, মূল্যবান উপদেশ দিয়েছেন। সুতরাং আপনি অনেকের কাছ থেকে শিখছেন। বর্তমানে অনেক দেশের অনেক স্কুলেই এই টুলকিটের কৌশলসমূহ ব্যবহৃত হচ্ছে, বিশেষ করে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অবস্থিত স্কুল সমূহে। এখন এ টুলকিটটি ব্যবহার করতে গিয়ে আপনি নিজেই একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন করুন যে, "কিভাবে আমি এই টুলকিটটি আমার স্কুল ও শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য উপযোগী করে নিতে পারি"?

## টুলকিটে ব্যবহৃত পরিভাষা:

এই টুলকিটটি তৈরী করতে কি কি পরিভাষা এতে ব্যবহার করা উচিত সেটা নিয়ে একটি চ্যালেঞ্জ ছিল। প্রায় সময়, একই বিষয়কে বোঝাতে বিভিন্ন শব্দ ব্যবহৃত হয়েছে। উপরন্তু, কোন কোন সময় একটি শব্দ এমন একটি ধারণা বা অনুভূতিকে উপস্থাপন করেছে যেটা হয়ত বলার উদ্দেশ্য ছিল না। তাই সেরকম শব্দকে বাদ দেওয়া হয়েছে যা হয়তো কোন পক্ষপাতিত্ব ইঙ্গিত করতে পারে। চেষ্টা করা হয়েছে শব্দগুলোকে সহজ এবং এর উপস্থাপনকে যতটুকু সম্ভব বন্ধুত্বর্পূণ ও অনানুষ্ঠানিক রাখার। এই টুলকিটের বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ যতটুকু সম্ভব 'একীভূত' শব্দ ব্যবহার করা হয়েছে। এই টুলকিটে সবচেয়ে বেশীবার ব্যবহৃত পরিভাষাসমূহ নিচে দেয়া হলো-

- "ভিন্ন প্রেক্ষাপট ও ক্ষমতা সম্পন্ন শিক্ষার্থী" সে সমস্ত শিশুকে বোঝায় যারা সাধারণত তাদের লিঙ্গ,শারিরীক সামর্থ্য, বুদ্ধিমত্তা. সামাজিক,আবেগীয়, ভাষাগত, সাংস্কৃতিক, ধর্মীয় অথবা অন্যান্য বৈশিষ্ট্যের কারণে চলমান শিক্ষা-ব্যবস্থার বাইরে রয়েছে।

- "শিখন পরিবেশ" শব্দটি বোঝায় যে কোন আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক ব্যবস্থা যেখানে শিশুরা তাদের দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করে। শিখন পরিবেশ যে কোন জায়গায় হতে পারে যেমন- স্কুল ও কলেজে এমনকি সাংস্কৃতিক ও সামাজিক সমাবেশেও হতে পারে।

- "একীভূত শিক্ষা" বা "একীভূত শিখন" বলতে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক পরিবেশে, লিঙ্গ, শারিরীক সামর্থ্য, বুদ্ধিমত্তা. সামাজিক,আবেগীয় ভাষাগত, সাংস্কৃতিক, ধর্মীয় অথবা অন্যান্য বৈশিষ্ট্য নির্বিশেষে সব শিশুকে অর্ন্তভুক্তি ও শিখনকে বোঝায়।

- "শিখন-বান্ধব" এর অর্থ হলো শিশুকে কার্যকরভাবে মূল শিক্ষণ প্রক্রিয়ায় সম্পৃক্ত করা। এতে শিশুদের সমগ্র শিক্ষণ পরিবেশে অন্যান্য ব্যক্তিবর্গের (যেমন শিক্ষক, প্রশাসক, অভিভাবক এবং সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ) অর্ন্তভুক্তি ও প্রভাবিত করা এবং সেই সাথে নিজেদের শিক্ষা গ্রহণ করাকেও বোঝায়। একটি শিখন-বান্ধব পরিবেশে শিশুরা কেবল নিজেরা শিক্ষা গ্রহণ করেই উপকৃত হয়না, অন্যান্য শিশুদের শিক্ষাদানে যেখানে তাদের চাহিদাগুলো বিবেচনা করা হয় তা থেকেও উপকৃত হয়। একটি শিখন-বান্ধব পরিবেশে শিশুকে তাঁদের শিখনে অংশগ্রহণ করার পূর্ণ সুযোগ দেয়া হয়। এটা এমন একটি পরিবেশ যেখানে শিক্ষকরা যাতে শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী নতুন শিক্ষণ পদ্ধতি ব্যবহার ও মানিয়ে নিতে পারেন, এবং যেখানে অভিভাবক এবং সমাজের সদস্যরা তাদের শিশুদের শিখনে সহায়তা করার ক্ষেত্রে অংশগ্রহণ করতে এবং তাঁদের স্কুলকে চালু রাখতে সক্রিয়ভাবে উৎসাহিত হয়। এ ব্যাপারে শিক্ষকদের সহায়তা ও ক্ষমতায়ন করা হয়।

- "শ্রেণীকক্ষ" হলো শিশুর আসল জায়গা যেখানে শিশুরা শিক্ষকদের সহায়তায় সবাই মিলে শিক্ষা গ্রহণ করে। এটা হতে পারে, আনুষ্ঠানিক শ্রেণীকক্ষ, গাছের নিচে আয়োজিত পাঠশালা, পথ শিশুদের জন্য ক্লাশ, অথবা শেখার জন্য যে কোন শিখন পরিবেশ।

- একজন "শিক্ষক" হলেন সেই ব্যক্তি যিনি একটি নির্দিষ্ট আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক শিখন পরিবেশে নিয়মতান্ত্রিকভাবে একটি শিশুর শিখন পরিচালনা করেন।

- বিদ্যার্থী, শিক্ষার্থী, বলতে তাকে বোঝায় যে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক শিখনে অংশগ্রহণ করে।

- 'প্রতিবন্ধী শিশু' হলো সে সকল শিশু যারা শারিরীকভাবে, ইন্দ্রিয়গত, অথবা বুদ্ধিমত্তার দিক থেকে প্রতিবন্ধী এবং যারা স্কুলের শিক্ষা থেকে বঞ্চিত। যারা জন্ম থেকে শারিরীক ও মানসিক ভাবে প্রতিবন্ধী অথবা যাদের শারিরীক দুর্বলতা, দুর্ঘটনা, অথবা অন্যান্য কারণে এই প্রতিবন্ধিতা ঘটেছে। অক্ষমতা বলতে শিশুদের দেখা, কানে শোনা, চলাফেরা করায় অসুবিধা এবং অন্যান্য শিশুদের তুলনায় ধীরে এবং ভিন্ন উপায়ে শেখাকে বোঝায়। অনেক দেশেই, প্রতিবন্ধী নয় কিন্তু বিশেষ শিক্ষার প্রয়োজন রয়েছে বলে বিবেচিত হয়। এ দুধরনের শিশু কিন্তু ভিন্ন। প্রতিবন্ধী শিশুরা শিক্ষা গ্রহণে সক্ষম এবং অন্য যেকোন শিশুর মতই তাদের স্কুলে যাবার সমান অধিকার রয়েছে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অনেক দেশের শিশুদের স্কুলে যাবার এ সুযোগ নেই।

- "বিশেষ শিখন চাহিদা" সম্পন্ন শিক্ষার্থী বলতে সে সকল শিশুকে বোঝায় যাদের শিখনে সাহায্য করতে বিশেষ মনোযোগ দেয়া প্রয়োজন। অধিকাংশ দেশে, বিশেষ বা সাধারণ স্কুল বা শ্রেণী কক্ষগুলোতে এ মনোযোগ দেয়া হয়ে থাকে। অনেক দেশ বিশেষ শিখন চাহিদা অনুযায়ী শিক্ষার্থীদের বিভিন্ন দলে চিহ্নিত করে যা তাদেরকে নিয়মিত শিক্ষার্থীদের থেকে আলাদা করে। যাহোক, এর অর্থ এই **নয়** যে বিশেষ শিখন বা শিক্ষা চাহিদা সম্পন্ন শিক্ষার্থী এবং নিয়মিত শিক্ষার্থীর মধ্যে প্রকৃতই কোন শিক্ষা সংক্রান্ত পার্থক্য রয়েছে।

- "সেক্স" (sex) বলতে নারী পুরুষের মধ্যকার জৈবিক বা শারিরীক পার্থক্যকে বোঝায়।

- "জেন্ডার" (Gender) একটি নির্দিষ্ট সমাজের মধ্যে সেই সকল সামাজিক দায়িত্ব ও ভূমিকাকে নির্দেশ করে যা নারী পুরুষের জন্য নিদিষ্ট বলে বিবেচনা করা হয়; উদাহরণ স্বরূপ, "পুরুষ উপার্জনকারী" অথবা "নারী শিশুর যত্নকারী।" জেন্ডার ভূমিকা সমাজ কর্তৃক তৈরী যা বংশ পরম্পরায় সমাজ সংস্কৃতির অংশ হিসেবে ধারন করা হয়। যেহেতু এটি শেখা সামাজিক প্রত্যক্ষণগত দৃষ্টিভংগি। নারী ও পুরুষ উভয়ের জন্য জেন্ডার সমতা ও ন্যয়পরতা অর্জনের জন্য জেন্ডারের সাথে সম্পকিত যেকোন পরিবর্তন করা যেতে পারে। অন্যভাবে বলা যায় "নারী শিশুর যত্নকারী" থেকে "পরিবারের উর্পাজনকারী" হিসেবে এবং "পুরুষ পরিবারের উভয়েই উপার্জনকারী" থেকে " শিশু যত্নকারী অথবা "নারী ও পুরুষ উপার্জনকারী এবং শিশু যত্নকারী হিসেবে আমরা তাদের জেন্ডার ভূমিকাকে পরিবর্তন করতে পারি।

- 'পরিবার' হলো সবচাইতে গুরুত্বপূর্ণ সামাজিক একক যেখানে একটি শিশু প্রতিপালিত হয়, এবং "সমাজ" বলতে আরো বিস্তৃত অর্থে সামাজিক সংগঠনকে বোঝায়, শিশু এবং পরিবার যার অংশ হিসেবে বিবেচিত হয়।